# মডেল টেস্ট– ৬

## ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. মহান আল্লাহ পৃথিবীতে নবি-রাসুলগণকে প্রেরণ করেছেন। তাদের প্রেরণের উদ্দেশ্য কী ছিল?
ⓚ দেশ ভ্রমণ
ⓚ মাদরাসা তৈরি
ⓖ মসজিদ তৈরি
ⓖ আল্লাহর পছন্দনীয় পথ মানুষকে দেখানো

২. তুমি একজন মুসলিম। তোমার কাকে ভয় করা উচিত?
ক ক্ষমতাসীনকে খ শিক্ষকদের
গ গুরুজনদের ঘ একমাত্র আল্লাহ তায়ালাকে

৩. সবুজ ফসলের মাঠ, সোনালি ধান, গাছগাছালি, বয়ে যাওয়া নদী, নীল আকাশ, তারা ঝলমল রাত, ঝড়, বৃষ্টি এসবই আল্লাহর সৃষ্টি। এসব নিদর্শনের ভিতর দিয়ে আল্লাহর কী প্রকাশ পায়?
ক আল্লাহর দয়া খ আল্লাহ পালনকারী
গ আল্লাহ সৃষ্টিকর্তা ঘ আল্লাহর যাবতীয় গুণের দীপ্তি

৪. যা আমরা দেখতে পাই, সেগুলো আল্লাহ সৃষ্টি করেছেন। যেগুলো দেখতে পাই না সেগুলো কে সৃষ্টি করেছেন?
ক কেউ তা জানে না খ ভিন্ন গ্রহের প্রাণীরা
গ মহান আল্লাহই ঘ দেখা যায় না এমন সৃষ্টি নেই

৫. শিক্ষক ধরতে না পারলেও তুমি পরীক্ষার হলে নকল করবে না, কারণ–
ক এতে বেশি নম্বর পাওয়া যায় না
খ মহান আল্লাহকে ফাঁকি দেওয়া যায় না
গ ফাঁকি দিয়ে বড় হওয়া যায় না
ঘ শিক্ষককে ঠকালে অভিশাপ পাওয়া যায়

৬. মানুষের অবাধ্যতা যখন চরমে পৌছবে ও আল্লাহর নাম নেয়ার মতো কেউ থাকবে না, তখন কী হবে?
ক মিযান খ হাশর
গ কিয়ামত ঘ সওয়াল জওয়াব

৭. জনাব আব্দুর রহমান একজন খাঁটি মুসলমান। তার চরিত্রের প্রধান বৈশিষ্ট্য কোনটি?
ক সরকারের নির্দেশিত পথে চলে
খ মানুষের অপকার করে
গ আল্লাহর নির্দেশিত পথে চলে
ঘ কুদৃষ্টি থেকে চোখকে হেফাজত করে না

৮. বিশুদ্ধ পানি ব্যবহারে স্বাস্থ্য ভালো থাকে। এ ধরনের পানি আমরা কোথা থেকে পাই?
ক নদনদী খ খালবিল গ পুকুর ঘ নলকূপ

৯. তোমার বাবা সৎপথে ব্যবসা-বাণিজ্য করে। তার কাজটি কিসের শামিল?
ক ভোগ বিলাসের খ কল্যাণের
গ ইবাদতের ঘ পবিত্রতার

১০. ইসলাম পাঁচটি রুকনের উপর প্রতিষ্ঠিত। এর মধ্যে দ্বিতীয় রুকন কোনটি?
ক ইমান খ সালাত গ সাওম ঘ হজ

১১. সাব্বির সুস্থ থাকতে চায়। সে কীভাবে তার শরীর সুস্থ রাখতে পারে?
ক দামি খাবার খেয়ে খ নিয়মিত ডাক্তারের কাছে গিয়ে
গ পরিষ্কার-পরিচ্ছন্ন থেকে ঘ নিয়মিত খেলাধুলা করে

http://teachingbd.com

১২. প্রতিটি মুমিন ব্যক্তির উচিত সঠিক সময়ে সালাত আদায় করা। একজন মুমিনের জন্য এটি কী ধরনের কাজ?
ক ফরজ খ সুন্নত গ নফল ঘ ওয়াজিব

১৩. মনে কর, তোমার সালাতে ভুল হয়ে গেছে। এক্ষেত্রে তুমি তোমার সালাতকে কীভাবে সংশোধন করবে?
ক পুনরায় সালাত আদায় করে
খ দোয়া কুনূত পড়ে
গ সাহু সিজদাহ্ দিয়ে
ঘ সালাতের শেষ বৈঠকে তাশাহহুদ পড়ে

১৪. সংযম, ত্যাগ, দান, ধৈর্য, সহানভূতি ইত্যাদি চারিত্রিক গুণ প্রত্যেকটি মানুষের জন্য অত্যাবশ্যক। এসব গুণের কীভাবে বিকাশ ঘটে?
ক সালাতের মাধ্যমে খ সাওমের মাধ্যমে
গ যাকাতের মাধ্যমে ঘ কুরবানির মাধ্যমে

১৫. 'বিশ্ব মুসলিমের মহাসম্মেলন'– উক্তিটি কিসের সাথে সম্পর্কযুক্ত বলে তুমি মনে কর?
ক ইসলামি জলসা খ বিশ্ব ইজতেমা
গ হজ ঘ ঈদের নামাজ

১৬. মোসা: খাদিজা সব সময় বিসমিল্লাহ বলে পড়া শুরু করে। মোসা: খাদিজা এ কাজটি কী হিসাবে গণ্য হবে?
ক ইবাদত খ ভালো কাজ গ প্রশংসনীয় ঘ অনুসরণীয়

১৭. তুমি একজন মুসলমান। পরিমাপের ক্ষেত্রে তোমার আচরণ কেমন হওয়া উচিত?
ক নিজের লাভের দিকে সতর্ক থাকা
খ ব্যবসায়ী কাজে পারদর্শী হওয়া
গ ওজনে কখনোই কমবেশি না করা
ঘ বুদ্ধিমত্তার সাথে পরিমাপ করা

১৮. তুমি মানুষকে সাহায্য করতে চাও। তোমার কাজটি কোনটি গঠনে?
ক ভ্রাতৃত্ব খ নৈতিক শিক্ষা গ একতা ঘ সুন্দর চরিত্র

১৯. যার নৈতিক মূল্যবোধ সুন্দর সকলেই তাকে ভালোবাসে, সম্মান করে। কোনটি এ ধরনের মূল্যবোধের অন্তর্ভুক্ত?
ক জীবজন্তুকে প্রহার করা খ কোনো প্রাণীকে কষ্ট না দেওয়া
গ আগাছা কেটে ফেলা ঘ কেবল মানুষের সেবা করা

২০. তুমি একটি ভয়ানক পাপের কাজ করেছ। তুমি এখন কী করবে?
ক নিজেকে শাস্তি দেবে
খ গরিবকে দান-সদ্‌কাহ করবে
গ ঘরসংসার ছেড়ে চলে যাবে
ঘ আল্লাহর কাছে অনুতপ্ত হয়ে ক্ষমা চাইবে

২১. তুমি কীভাবে চরিত্র সুন্দর করতে পার?
ক দামি পোশাক পরে
খ ছোটদের আদর করে
গ বড়দের সম্মান করে
ঘ সকলের সাথে ভালো ব্যবহার করে

২২. তোমার পিতামাতা অসুস্থ, তোমার আচরণ কেমন হবে?
ক স্বাভাবিক ব্যবহার করবে খ আদেশ অমান্য করবে
গ তাঁদের সাথে ঝগড়া করবে ঘ তাঁদের সেবাযত্ন করবে

২৩. আমরা কীভাবে মানবাধিকার প্রতিষ্ঠিত করব?
ক মানুষের মধ্যে বিবেক সৃষ্টি করে
খ সকল মানুষকে প্রতিবাদী করে গড়ে তুলে
গ সকল দুর্নীতি ও বৈষম্য দূর করে
ঘ মানুষকে কর্মোপযোগী করে তুলে

http://teachingbd.com

২৪. জান্নাতের চরিত্র ও আচরণ সুন্দর। এজন্য সবাই জান্নাতকে–
ক ঘৃণা করবে
খ মন্দ বলবে
গ ভালোবাসবে
ঘ অসামাজিক বলবে

২৫. তুমি যে মন্দ আচরণটি থেকে নিজেকে দূরে রাখবে–
ক সৃষ্টির সেবা
খ জাতীয় সম্পদ রক্ষা
গ শিক্ষককে সম্মান
ঘ ঝগড়া-বিবাদ

২৬. মনে কর, তোমার বন্ধু সাইফ বিপদে পড়েছে। তুমি সাইফের প্রতি কিরূপ আচরণ করবে?
ক সেবা যত্ন করবে
খ আশ্রয় দিবে
গ কাজের ব্যবস্থা করবে
ঘ সাহায্য সহযোগিতা করবে

২৭. শিল্পপতি আব্দুর রহমান ভূঁইয়া তার এলাকার সব মন্দ কাজে বাধা দেন। তার এ কাজটি কোনটির বহিঃপ্রকাশ?
ক রাজনৈতিক মূল্যবোধ
খ ক্ষমতার দাপট
গ সামাজিক মূল্যবোধ
ঘ নৈতিক মূল্যবোধ

২৮. তোমার বন্ধু তোমার বই ছিঁড়ে ফেলল। এক্ষেত্রে তুমি কী করবে?
ক শাস্তি দিব
খ গালি দিব
গ ক্ষমা করব
ঘ তার বই ছিঁড়ে দিব

২৯. পরিবেশ সংরক্ষণ করা প্রয়োজন কেন?
ক পরিবেশ আমাদের অক্সিজেন সরবরাহ করে
খ পরিবেশ ঘরের আসবাবপত্র তৈরিতে সাহায্য করে
গ পরিবেশ আমাদের লাকড়ি সরবরাহ করে
ঘ পরিবেশ আমাদের ভারসাম্য রক্ষা করে

৩০. পবিত্র কুরআনের একটি সূরায় সালাত সমন্ধে উদাসীন ব্যক্তিদের দুর্ভোগের কথা বলা হয়েছে। এটি কোন সূরা?
ক সূরা মাউন
খ সূরা ফীল
গ সূরা কুরাইশ
ঘ সূরা কাউসার

৩১. তুমি শুদ্ধভাবে কুরআন মজিদ তিলাওয়াতের নিয়ম শিখতে চাও। এক্ষেত্রে তুমি কোনটি অনুসরণ করবে?
ক মাখরাজ
খ তাজবিদ
গ গুন্নাহ
ঘ ইযহার

৩২. তুমি 'ن' বর্ণটি কীভাবে উচ্চারণ করবে?
ক জিহ্বার গোড়া তালুর সাথে লাগিয়ে
খ জিহ্বার মধ্যভাগ তালুর সাথে লাগিয়ে
গ জিহ্বার অগ্রভাগ তালুর সাথে লাগিয়ে
ঘ জিহ্বার অগ্রভাগের কিনারা ওপরের দাঁতের সাথে লাগিয়ে

৩৩. আল্লাহ তায়ালা মানুষের হিদায়েতের জন্য যুগে যুগে অনেক নবি-রাসুল পাঠিয়েছেন। এদের মধ্যে সর্বশেষ কে?
ক মহানবি (স)
খ আদম (আ)
খ মুসা (আ)
ঘ ইবরাহিম (আ)

৩৪. মহানবী (স) এর নিকট একজন ফেরেশতা ওহী নিয়ে আসতেন। তার নাম কী?
ক হযরত জীবরাঈল (আ)
খ হযরত মীকাইল (আ)
গ হযরত আযরাঈল (আ)
ঘ হযরত ইসরাফিল (আ)

৩৫. মহানবি (স) 'হিলফুল ফুযূল' গঠন করেন। এ সংঘের উদ্দেশ্য কী ছিল?
ক সমাজের বৃদ্ধদের সহায়তা করা
খ মানুষকে স্বাবলম্বী করা
গ সমাজে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা করা
ঘ যুবকদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করা

Teachingbd.com

৩৬. নিচের সৃষ্টিগুলোর মধ্যে কোনটি আল্লাহর নিকট সেরা?
ক) সূর্য খ) ইবলিস গ) ফেরেশতা ঘ) মানুষ

৩৭. আল্লাহ তায়ালার আনুগত্যের নাম কী?
ক) ইসলাম খ) তাওহিদ গ) রিসালাত ঘ) আখিরাত

৩৮. কুরবানি আদায় করার সময় কোনটি?
ক) ৮ যিলহজ হতে ১২ যিলহজ তারিখের মধ্যে
খ) ৮ যিলহজ হতে ১০ যিলহজ তারিখের মধ্যে
গ) ১০ যিলহজ হতে ১২ যিলহজ তারিখের মধ্যে
ঘ) ৯ যিলহজ হতে ১২ যিলহজ তারিখের মধ্যে

৩৯. হজ পালনের সময় কোনটি?
ক) ৮ রমজান থেকে ২২ রমজান তারিখে
খ) ৮ যিলহজ থেকে ১২ যিলহজ
গ) ১০ রমযান থেকে ১৫ রমযান
ঘ) ১০ যিলহজ থেকে ১৫ যিলহজ

৪০. সকলে এক সাথে সালাত আদায় করার ফলে সমাজে গড়ে উঠবে—
ক) শত্রুতা খ) একতা গ) অনৈক্য ঘ) শৃঙ্খলা

৪১. মুমিন মুসলমানের প্রধান বৈশিষ্ট্য হলো—
ক) ধৈর্য খ) বিশ্বাস গ) সৌভাগ্য ঘ) ভালোবাসা

৪২. তারাবির সালাত আদায় করা হয় কোন মাসে?
ক) মহররম খ) শাবান গ) রজব ঘ) রমজান

৪৩. আমরা ঈদুল আয্হার সময় পশু কুরবানি করি—
ক) ঈদের সময় ভালো খাবারের জন্য
খ) আমাদের পরিবারের সাথে মাংস ভাগাভাগি করার জন্য
গ) মক্কায় হজ পালনের জন্য
ঘ) ইবরাহীম (আ)-এর আনুগত্য স্মরণ করার জন্য

৪৪. তারাবির সালাত আদায় করা কী?
ক) ফরজ খ) ওয়াজিব গ) সুন্নত ঘ) নফল

৪৫. মানবাধিকার কমিশনের কাজ কোনটি?
ক) অন্যায় কাজের শাস্তি দেওয়া
খ) অন্যায়ের সুষ্ঠু বিচার ও শাস্তির দাবি জানানো
গ) মানুষকে নৈতিক শিক্ষা দেওয়া
ঘ) মানুষকে সামাজিক করে গড়ে তোলা

৪৬. 'রাহমাতুল্লিল আলামীন' কার সাথে সম্পর্কযুক্ত?
ক) ফেরেশতা জিবরাইল (আ)-এর খ) বায়েজিদ বোস্তামী (র)-এর
গ) আব্দুল কাদির জিলানী (র)-এর ঘ) হযরত মুহাম্মদ (স)-এর

৪৭. মক্কাবাসী দলে দলে ইসলাম গ্রহণ করেছিল কেন?
ক) মহানবি (স) এর উদারতায় মুগ্ধ হয়ে.
খ) মহানবি (স) সত্যনবি ছিলেন বলে
গ) পিতৃভূমি রক্ষার জন্য
ঘ) মহানবি (স) এর প্রেম ও ক্ষমার আদর্শে মুগ্ধ হয়ে

৪৮. কুরআন মজিদে কে সর্বপ্রথম বিরামচিহ্ন ব্যবহার করেন?
ক) আবু আবদুল্লাহ ইবনে জাকারিয়া
খ) ইবনে মুহম্মদ উযায়র
গ) হযরত উসমান (রা)
ঘ) আবু আব্দুল্লাহ মুহম্মদ ইবনে তাইফুর

৪৯. আমাদের প্রিয় নবি (স) এর পবিত্র দাঁত মোবারক কোন যুদ্ধে তাঁর ভেঙে যায়?
ক) বদর খ) ওহুদ গ) খন্দক ঘ) হুনাইন

৫০. মক্কা বিজয়ের কালে মুসলিম সৈন্য সংখ্যা কত ছিল?
ক) দেড় হাজার খ) দুই হাজার গ) পাঁচ হাজার ঘ) দশ হাজার

http://teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১×১৫=১৫

(ক) সামিয়াকে তার মা সবসময় আল্লাহর প্রতি শোকর আদায় করতে বলেন। সামিয়া কী বলে আল্লাহর শোকর আদায় করবে?

(খ) রাশেদ সাহেব এ বছর হজ পালন করলেন। রাশেদ সাহেবের পালনকৃত বিষয়টির ফরজ কয়টি এবং কী কী?

(গ) আয়শা যে কোনো কাজ 'বিসমিল্লাহ' বলে শুরু করে। আয়শার কাজ কী বলে গণ্য হবে?

(ঘ) তমা তার খাতায় কণ্ঠনালির শুরু থেকে উচ্চারিত হওয়া দুটি হরফ লিখেছে। তমা কোন দুটি হরফ লিখেছে?

(ঙ) আল্লাহ আমাদের জন্য গাছপালা সৃষ্টি করেছেন। আল্লাহর এ সৃষ্টির মাধ্যমে আমরা কী পাই?

(চ) আমাদের শেষ নবির নাম কী?

(ছ) জান্নাত কিরূপ স্থান?

(জ) সালাতের আহকাম বলতে কী বোঝ?

(ঝ) 'সাওম' শব্দের অর্থ কী?

(ঞ) আমরা পিতামাতার জন্য কী বলে দোয়া করব?

(ট) ইসলামের দৃষ্টিতে পৃথিবীর সব মানুষ কেমন?

(ঠ) আমাদের সৃষ্টিকর্তা ও পালনকর্তা কে?

(ড) কুরআন মজিদে প্রথম কে ওয়াকফ ব্যবহার করেন?

(ঢ) হযরত সুলায়মান (আ) কী নির্মাণ করেন?

(ণ) কত বছর বয়সে রাসুল (স) তাঁর মাতাকে হারান?

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭=৩৫

(ক) তুমি কীভাবে ইসলামের নির্দেশ মেনে চলবে? পাঁচটি বাক্যে লেখ। ৫

(খ) ইবাদত কাকে বলে? তুমি আল্লাহর ইবাদত করবে কেন চারটি কারণ লেখ। ১+৪=৫

(গ) ক্ষমা সম্পর্কে আল্লাহ কী বলেছেন? আমরা মানুষকে ক্ষমা করব কেন? চারটি বাক্যে লেখ। ১+৪=৫

(ঘ) কীভাবে আমরা মানবজাতির সেবা ও সাহায্য করতে পারি? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঙ) হযরত ঈসা (আ) পুনরায় পৃথিবীতে আগমন করবেন। তাঁর আগমনের কারণ কী? তাঁর চারটি মোজেযা উল্লেখ কর। ১+৪=৫

(চ) জাহান্নাম কী? কারা জাহান্নামে চিরদিন বাস করবে? তিনটি বাক্যে জাহান্নামের শাস্তি উল্লেখ কর। ১+১+৩=৫

(ছ) সাওমের গুরুত্ব ও তাৎপর্য পাঁচটি বাক্যে লেখ। ৫

(জ) আমরা পিতামাতার খিদমত করব কেন? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঝ) গুন্নাহর হরফ কয়টি ও কী কী? এগুলো কীভাবে উচ্চারণ করতে হয়? তিনটি বাক্যে লেখ। ২+৩=৫

(ঞ) কত বছরের জন্য হুদাইবিয়ার সন্ধি হয়? কুরআনে এ সন্ধিকে কী বলা হয়েছে? এ সন্ধির অন্যতম দুটি শর্ত লেখ। ১+১+৩=৫

http://teachingbd.com

# মডেল টেস্ট - ৬ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ |
| ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ঘ |
| ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ |
| ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | ঘ |
| ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ঘ | ৪১ | ক | ৪২ | ঘ | ৪৩ | ঘ | ৪৪ | গ | ৪৫ | খ |
| ৪৬ | ঘ | ৪৭ | ঘ | ৪৮ | ঘ | ৪৯ | খ | ৫০ | ঘ | | | | | | | | |

২। (ক) সামিয়া 'আলহামদু লিল্লাহি রাব্বিল আলামীন' বলে আল্লাহর শোকর আদায় করবে।

(খ) রাশেদ সাহেবের পালনকৃত বিষয়টি তথা- হজের ফরজ তিনটি। যথা– ১. ইহরাম বাঁধা, ২. আরাফাতে অবস্থান করা ও ৩. তওয়াফে জিয়ারত করা।

(গ) আয়শার কাজ ইবাদত বলে গণ্য হবে।

(ঘ) তমার লিখিত হরফ দুটি হলো– ۵ ۶।

(ঙ) আল্লাহর সৃষ্টি গাছপালার মাধ্যমে আমরা অক্সিজেন, ফল, খাদ্য ও কাঠ পাই।

(চ) আমাদের শেষ নবির নাম হযরত মুহাম্মদ (স)।

(ছ) জান্নাত চিরস্থায়ী সুখের স্থান।

(জ) সালাত শুরু করার আগে যে ফরজ কাজগুলো করতে হয়, সেগুলোকে সালাতের আহকাম বা শর্ত বলে।

(ঝ) 'সাওম' শব্দের অর্থ বিরত থাকা।

(ঞ) আমরা পিতামাতার জন্য আল্লাহর কাছে এই বলে দোয়া করব– "রাব্বিরহামহুমা কামা রাব্বাইয়ানী সাগীরা।"

(ট) ইসলামের দৃষ্টিতে পৃথিবীর সব মানুষ এক ও অভিন্ন।

(ঠ) আমাদের সৃষ্টিকর্তা ও পালনকর্তা মহান আল্লাহ তাআলা।

(ড) কুরআন মজিদে প্রথম আবু আব্দুল্লাহ মুহম্মদ ইবনে তাইফুর (র) ওয়াকফ ব্যবহার করেন।

(ঢ) হযরত সুলায়মান (আ) আল্লাহর হুকুমে বায়তুল মুকাদ্দাস নির্মাণ করেন।

(ণ) মাত্র ৬ বছর বয়সে রাসুল (স) তাঁর মাতাকে হারান।

http://teachingbd.com